



আজ দুপুরে পদত্যাগের চূড়ান্ত ঘোষণা দিব: ইশরাক হোসেন



ইশরাক হোসেন। ছবি: সংগৃহীত

মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রীর পদ থেকে সরে দাঁড়ানোর বিষয়ে চূড়ান্ত ঘোষণা দিতে আজ সোমবার জাতীয় প্রেস ক্লাবে সংবাদ সম্মেলন করবেন ইশরাক হোসেন। দুপুর ২টায় সাংবাদিকদের মুখোমুখি হওয়ার কথা জানিয়েছেন তিনি।

সোমবার (১৯ অক্টোবর) সকালে নিজের ফেসবুক পোস্টে ইশরাক জানান, প্রতিমন্ত্রীর পদ থেকে পদত্যাগের চূড়ান্ত ঘোষণা দেবেন তিনি। এ সময় সাংবাদিকদের সঙ্গে কথা বলবেন বলেও উল্লেখ করেন।

পদত্যাগের খবরে সামাজিক যোগাযোগমাধ্যমে উচ্ছ্বাস প্রকাশকারীদের সমালোচনা করে ইশরাক বলেন, ভবিষ্যতে আন্দোলন-সংগ্রামের প্রয়োজন হলে তাঁদের জাতীয়তাবাদী আদর্শে অনুপ্রাণিত হয়ে বিদেশ থেকে দেশে ফিরে অংশ নেওয়ার আশা করেন তিনি।

ইশরাক আরও জানান, প্রতিমন্ত্রী বা সংসদ সদস্য হিসেবে নয়, বিএনপির একজন কর্মী হিসেবে মাদকের বিরুদ্ধে আরও জোরালোভাবে কাজ করবেন। এ জন্য পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করার পাশাপাশি প্রজন্ম দলের সাংগঠনিক শক্তি বাড়াতে দেশের বিভিন্ন জেলা সফরের পরিকল্পনার কথাও জানান তিনি।

ফেসবুক পোস্টের শেষাংশে ইশরাক লেখেন, ‘মন্ত্রী নয়, মাদক নির্মূল! মাদক নির্মূল, মাদক নির্মূল!’